গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য অধিদফতর

স্মারক: ১৫.৫২.৬০৯১.০২৩.১৭.০৫০.২২-৫৯৮ তারিখ ০৩.০৭.২০২৪ খ্রিস্টাব্দ

সিলেটের স্থানীয় বিভিন্ন পত্র-পত্রিকায় সংবাদ, নিবন্ধ, সম্পাদকীয়, উপ-সম্পাদকীয় ও পাঠকের চিঠির মাধ্যমে সরকারের নীতি ও কার্যক্রমের যে সব আলোচনা ও পর্যালোচনা করা হয়েছে তা সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

জনস্বার্থে কিছু প্রকাশ করার প্রয়োজন থাকলে আঞ্চলিক তথ্য অফিস, সিলেট (টেলিফোন: ৯৭৭০১৫৪০-৩) এবং তথ্য অধিদফতরের ভবন নং ৯ এর ২০৬ নং সংবাদ কক্ষের সঙ্গে (টেলিফোন: ৯৫৪০০১৯, ৯৫১৪৯৮৮, ৯৫১২২৪৬ ফ্যাক্স: ৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬ ই-মেইল: pidsylhet@gmail.com, piddhaka@gmail.com, piddhaka@yahoo.com যোগাযোগ করার অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৪ (চার) পাতা

03.07.24

আশরাফুল ইসলাম ফয়সাল
তথ্য অফিসার
আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

বিতরণ:

০১। বিভাগীয় কমিশনার, সিলেট
০২। ডিআইজি, সিলেট
০৩। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, সিলেট
০৪। জেলা প্রশাসক, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ
০৫। পুলিশ সুপার সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ

অনুলিপি:

০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সংশ্লিষ্ট নথি

৩৫০/৬, খোজারখলা স্কয়ার, দক্ষিণ সুরমা, সিলেট
সংবাদকক্ষ ঃ ০২৯৯৭৭০১৫৪৩, E-mail : pidsylhet@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য অধিদফতর

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয় 'র সারসংক্ষেপ; গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার:

সংখ্যা ০০৩/২০২৪

সিলেট, বুধবার, ১৯ আষাঢ় ১৪৩১, ০৩ জুলাই ২০২৪

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলোর প্রধান খবর বা শিরোনাম

০১। ভেদাভেদ ভুলে সকলকে নিয়েই উপজেলার উন্নয়নে অবদান রাখতে হবে: মুহিবুর রহমান মানিক এমপি

০২। চিকিৎসাক্ষেত্রে বিশেষ অবদান রাখছে সিলেট উইমেন্স মেডিকেল: ভারতীয় সহকারী হাইকমিশনার

০৩। রোটারি ক্লাব অব সিলেট সেন্ট্রালের সেমিনার অনুষ্ঠিত

০৪। সুনামগঞ্জে পাঁচ উপজেলা ফের প্লাবিত

০৫। সিলেটসহ সারা দেশে ভারী বৃষ্টির আভাস

৩৫০/৬, খোজারখলা স্কয়ার,দক্ষিণ সুরমা, সিলেট
সংবাদকক্ষ ঃ ০২৯৯৭৭০১৫৪৩, E-mail : pidsylhet@gmail.com

বিস্তারিত সংবাদ

০১. ভেদাভেদ ভুলে সকলকে নিয়েই উপজেলার উন্নয়নে অবদান রাখতে হবে: মুহিবুর রহমান মানিক এমপি

সরকারি প্রতিশ্রুতি সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতি, সুনামগঞ্জ-৫ আসনের সংসদ সদস্য মুহিবুর রহমান মানিক বলেছেন, ছাতক-দোয়ারায় চলমান রয়েছে কোটি-কোটি টাকার উন্নয়ন কার্যক্রম। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সারা দেশের ন্যায় এখানেও চলছে উন্নয়ন যজ্ঞ। ছাতক-দোয়ারার চলমান এ উন্নয়ন কার্যক্রমকে বেগবান করতে উপজেলা পরিষদের নবনির্বাচিতদের দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। তিনি বলেন, একটি গণতান্ত্রিক প্রক্রিয়ায় নির্বাচনের মাধ্যমে জনগণের পছন্দের নেতৃত্ব বাচাই করার নাম হচ্ছে নির্বাচন। নির্বাচনের পরে নির্বাচনি এলাকার সকল মানুষের প্রতিনিধি হোন নির্বাচিত ব্যক্তি। তাই সকল ভেদাভেদ ভুলে গিয়ে সকলকে সাথে নিয়েই উপজেলার উন্নয়নে অবদান রাখার জন্য নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের প্রতি আহবান জানান তিনি। সোমবার দুপুরে উপজেলা পরিষদ মিলনায়তনে নবনির্বাচিত ছাতক উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের দায়িত্ব গ্রহণ ও হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এমপি মুহিবুর রহমান মানিক এসব কথা বলেন। (দৈনিক শুভপ্রতিদিন)

০২. চিকিৎসাক্ষেত্রে বিশেষ অবদান রাখছে সিলেট উইমেন্স মেডিকেল: ভারতীয় সহকারী হাইকমিশনার

সিলেটে নিযুক্ত ভারতীয় সহকারী হাইকমিশনার শ্রী চন্দর শেখর বলেছেন, চিকিৎসা ক্ষেত্রে বিশেষ অবদান রাখতে সিলেট উইমেন্স মেডিকেল কলেজ হাসপাতাল কাজ করে যাচ্ছে। এ কলেজ থেকে শিক্ষার্থীরা চিকিৎসা বিষয়ে জ্ঞান অর্জন করে স্বনামধন্য ডাক্তার হওয়ার পাশাপাশি ভালো মনের মানুষ হয়ে উঠবে বলে-তিনি আশাবাদ ব্যক্ত করেন। চিকিৎসা ক্ষেত্রে বিশেষ অবদান রাখতে হলে শিক্ষার্থীদের পড়ালেখায় মনোযোগী হতে হবে। গতকাল মঙ্গলবার সকালে সিলেট উইমেন্স মেডিকেল কলেজ হাসপাতাল পরিদর্শনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক শ্যামল সিলেট, দৈনিক শুভপ্রতিদিন, দৈনিক জালালাবাদ, দৈনিক উত্তরপূর্ব, দৈনিক জাগ্রত সিলেট)

০৩. রোটারি ক্লাব অব সিলেট সেন্ট্রালের সেমিনার অনুষ্ঠিত

সিলেট প্রেসক্লাবের সভাপতি ইকরামুল কবির বলেছেন, আমাদের নিজেদের বাঁচাতে, প্রিয় সিলেটকে বাঁচাতে হলে নদী খনন এবং সচেতনতার কোন বিকল্প নেই। সুরমা-কুশিয়ারা খনন করতে হবে, এলক্ষ্যে জনমত গড়ে তুলতে হবে। আমরা বাসাবাড়ি থেকে ময়লা আর্বজনা ফেলে পানির স্বাভাবিক গতি নষ্ট করছি। অল্প বৃষ্টি হলেও বাসাবাড়িতে পানি ঢোকার অন্যতম প্রধান কারণ হচ্ছে যেখানে সেখানে ময়লা আর্বজনা ফেলা। আমাদেরকে এসব বিষয়ে সচেতন হতে হবে। গত সোমবার রাতে নগরীর একটি অভিজাত হোটেলে রোটারি ক্লাব সিলেট সেন্ট্রালের উদ্যোগে ‘সিলেট বন্যার ভয়াবহতা: কারণ ও প্রতিকার’ শীষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক শ্যামল সিলেট, দৈনিক সিলেট মিরর, দৈনিক জালালাবাদ)

০৪. সুনামগঞ্জে পাঁচ উপজেলা ফের প্লাবিত

সুনামগঞ্জে সোমবারের বৃষ্টিতে পাঁচটি উপজেলায় আবার বন্যা দেখা দিয়েছে। গত ২৪ ঘণ্টায় জেলায় ৩০০ মিলিমিটার বৃষ্টি হয়েছে। একই সঙ্গে নেমেছে উজানের পাহাড়ি ঢল। এ কারণে সুনামগঞ্জ সদর, বিশ্বম্ভরপুর, তাহিরপুর, ছাতক ও দোয়ারাবাজার উপজেলায় অনেক রাস্তাঘাট প্লাবিত হয়েছে। শহরের সুরমা নদীতীরবর্তী এলাকাগুলোতে বন্যার পানি ঢুকেছে। মূলত উজানে বেশি বৃষ্টি হলে সুনামগঞ্জে পাহাড়ি ঢল নেমে পরিস্থিতির অবনতি হয়। ভারতের মেঘালয়ের চেরাপুঞ্জিতে গতকাল সকাল পর্যন্ত ২৪ ঘণ্টায় বৃষ্টি হয়েছিল ৩১৩ মিলিমিটার। একই সময়ে সুনামগঞ্জে বৃষ্টি হয়েছিল ১৭০ মিলিমিটার। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক সিলেট মিরর, দৈনিক শ্যামল সিলেট, দৈনিক শুভপ্রতিদিন, দৈনিক জালালাবাদ, দৈনিক উত্তরপূর্ব, দৈনিক যুগভেরী, দৈনিক কাজির বাজার,দৈনিক জৈন্তা বার্তা)

০৫. সিলেটসহ সারা দেশে ভারী বৃষ্টির আভাস

মৌসুমী বায়ুর প্রভাবে কয়েকদিন ধরেই সারা দেশে বৃষ্টি হচ্ছে। বৃষ্টি হয়েছে দেশের বিভিন্ন স্থানে। আগামী কয়েক দিন অতি ভারী বৃষ্টি অব্যাহত থাকার পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। মঙ্গলবার সকালে আবহাওয়ার সর্বশেষ বিজ্ঞপ্তিতে এ পূর্বাভাস দেওয়া হয়। এতে বলা হয়, মৌসুমী বায়ু বাংলাদেশের ওপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় রয়েছে। ফলে চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। (দৈনিক পুণ্যভূমি, দৈনিক জৈন্তা বার্তা)

সম্পাদকীয়

ক. দৈনিক সিলেট মিরর: বাজেট পাস: মানুষের জীবনে স্বস্তি আসুক।। ২০২৪-২৫ অর্থবছরের বাজেট গত রবিবার জাতীয় সংসদে পাস হয়েছে। এবারের বাজেটের অর্থমূল্য ৭ লাখ ৯৭ হাজার কোটি টাকা। গত ১ জুলাই থেকে কার্যকর হয়েছে এ বাজেট। খুব রদ-বদল কিছু না হলেও বাজেটে দেশের মানুষের আশা-আকাঙ্ক্ষা প্রস্ফুটিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। এটি দেশের ৫৩তম, আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকারের ২৫তম ও অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর প্রথম বাজেট। ২০২৩-২৪ অর্থবছরের চেয়ে এবারের বাজেটের আকার বেড়েছে ৪ দশমিক ৬ শতাংশ। মূল্যস্ফীতি ৬ দশমিক ৫ শতাংশে নামিয়ে আনা এবং মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রবৃদ্ধির হার ৬ দশমিক ৭৫ শতাংশ অর্জন করার লক্ষ্য ঠিক করেছে সরকার।

খ. দৈনিক জৈন্তা বার্তা: বাড়ছে পানি: বন্যা মোকাবিলায় প্রয়োজন সর্বাত্মক প্রস্তুতি।। জুন মাসের মাঝামাঝি সিলেট বিভাগে দেখা দেওয়া বন্যার রেশ এখনো কাটেনি। ওই মাসজুড়ে বৃষ্টি আর ঢলের সঙ্গে বিপৎসীমার ওপরে-নিচে ওঠানামা করেছে এ বিভাগের বিভিন্ন নদ-নদীর পানি। এখনো বিভিন্ন নিম্নাঞ্চলে পানিবন্দি রয়েছেন অসংখ্য মানুষ। ভেসে গেছে ক্ষেতের ফসল আর ফিশারির মাছ। বন্যায় ঘরবাড়ি ব্যাপক ক্ষতিগ্রস্ত হওয়ায় অনেকে আশ্রয়কেন্দ্র বা আত্মীয়-স্বজনের বাড়ি থেকে এখনো নিজের বাড়িতে ফিরতে পারেননি। অনেকে গবাদিপশু নিয়ে আছেন চরম সংকটে। এর মধ্যেই আবার হানা দিচ্ছে বন্যা। ইতিমধ্যে কয়েকটি উপজেলার নিম্নাঞ্চল বন্যা কবলিত হয়েছে। জলাবদ্ধতা দেখা দিয়েছে সিলেট নগরীর বেশকিছু এলাকায়ও।

নিবন্ধ/ফিচার: শিরোনাম ও লেখকের নাম

ক. যুক্তরাষ্ট্র- বাংলাদেশ সম্পর্ক প্রসঙ্গ– শেখর ভট্রাচায, দৈনিক সিলেটের ডাক
খ. সচেতনতা ও জবাবদিহি দুর্নীতি কমাতে পারে– মো. শফিকুল ইসলাম, দৈনিক সিলেট মিরর
গ. কুরুক্ষেত্র যুদ্ধ– মনোজবিকাশ দেবরায়, দৈনিক সিলেট মিরর

#

মাসুদ/জহির/ডলি/২০২৪/১২.৩০ ঘণ্টা